নিরাপদ
কর্মপরিবেশ, টেকসই
উন্নয়নের পথে বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয়ঃ ২০২১ খ্রিস্টাব্দের ৩য় সমন্বয় সভার কার্যবিবরণী, জুন/২০২১ খ্রিঃ।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)। |
| সভার তারিখ | : ২৯-০৬-২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : অনলাইন প্লাটফরম (Google meet) |
| উপস্থিতি | : ২৩ টি জেলা কার্যালয়ের উপমহাপরিদর্শকগণ (**পরিশিষ্ট-ক**) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিতসিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ২৯-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৯-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | ১। ডা. সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ২। | মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও রাজনৈতিক কর্মকান্ডের উপর নির্মিত ডকুমেন্টারিটি সকল উপমহাপরিদর্শক কর্তৃক বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানে প্রদর্শন অব্যাহত রাখার বিষয়টি সভায় আলোচিত হয়।<br><br>মহাপরিদর্শক বলেন, বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়। সেই মোতাবেক নির্দিষ্ট তারিখ নির্ধারণপূর্বক স্ব স্ব জেলা কার্যালয় দ্রুত ব্যবস্থা গ্রহণ করে প্রধান কার্যালয়কে অবহিত করবেন। | ১। বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক কর্মকান্ডের উপর নির্মিত ডকুমেন্টারিটি সকল উপমহাপরিদর্শক কর্তৃক বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানে প্রদর্শন অব্যাহত রাখতে হবে।<br><br>২। সভার আলোচনা মোতাবেক ফ্রি মেডিকেল ক্যাম্প যে সকল কার্যালয়ে করার জন্য নির্ধারণ করা হয়েছে, সেসকল কার্যালয় তার অধিক্ষেত্রাধীন **জেলা প্রশাসক, সিভিল সার্জন, পুলিশ সুপারসহ** সংশ্লিষ্ট অন্যান্যের সাথে সমন্বয় করে সুনির্দিষ্ট তারিখ | ১। ডা. সৈয়দ আবুল এহসান<br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) (প্রধান সমন্বয়কারী)<br>২। ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান<br>যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। মোঃ ইউসুফ আলী |

চলমান পাতা-০২

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>ক্র: নং</th><th>উপমহাপরিদর্শকের কার্যালয়ের নাম</th><th>ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজনের মাস</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>গাজীপুর</td><td>মে/২০২১</td><td>-</td></tr>
<tr><td>২</td><td>ঢাকা</td><td>জুন/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৩</td><td>নারায়ণগঞ্জ</td><td>জুলাই/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৪</td><td>খুলনা</td><td>আগষ্ট/২০২১<br>সম্ভাব্য তারিখ: ১৫-০৮-২০২১</td><td>মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের সাথে আলোচনা ক্রমে তারিখ নির্ধারণ করতে হবে।</td></tr>
<tr><td>৫</td><td>মুন্সিগঞ্জ</td><td>সেপ্টেম্বর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৬</td><td>ময়মনসিংহ</td><td>অক্টোবর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৭</td><td>চট্টগ্রাম</td><td>নভেম্বর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৮</td><td>সিরাজগঞ্জ</td><td>ডিসেম্বর/২০২১<br>সম্ভাব্য তারিখ: ১৪-১২-২০২১</td><td>-</td></tr>
</table>
উপমহাপরিদর্শক, সিরাজগঞ্জ সভাকে জানান যে, ১৪-১২-২০২১ তারিখে ফ্রি মেডিক্যাল ক্যাম্প স্থাপনের বিষয়ে সচিব মহোদয়ের সাথে আলোচনা হয়েছে এবং সচিব মহোদয় প্রাথমিকভাবে সম্মতি জ্ঞাপন করেছেন।<br>
করোনা টিকা প্রদানের ক্ষেত্রে শ্রমিক/কর্মচারীদেরকে জাতীয় পরিচয়পত্র করা এবং অনলাইন রেজিস্ট্রেশনে সহায়তার জন্য জেলা কার্যালয়গুলোতে [illegible] হেল্পডেক্স-এর চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য মহাপরিদর্শক সভায় নির্দেশনা প্রদান করেন।
</td><td>
নির্ধারণ করবেন।<br><br>
৪।উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাক্রমে তারিখ নির্ধারণ করে মহাপরিদর্শক মহোদয়কে অবগত করবেন।<br><br>
৫। উপমহাপরিদর্শকের কার্যালয় মুন্সিগঞ্জ, সেপ্টেম্বর মাসের কোন তারিখে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করবে তা নির্ধারণ করে মহাপরিদর্শকের সাথে আলোচনা করবেন।<br><br>
৩। শ্রমিকদের জন্য জাতীয় পরিচয়পত্র প্রদান ও টিকা অনলাইনে রেজিস্টেশনের ক্ষেত্রে হেল্প ডেস্কের কার্যক্রম অব্যাহত থাকবে। এ কার্যক্রমে কতজন শ্রমিককে সহায়তা করা হয়েছে তার একটি রেজিস্টার সংরক্ষণ করবেন এবং পরবর্তী সভা অনুষ্ঠানের অন্তত: ৩ দিন পূর্বে এ সংক্রান্ত তথ্য উপাত্ত প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।<br><br>
৪। সচিব মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে, ১৪-১২-২০২১ তারিখে সিরাজগঞ্জে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>
৫। অন্যান্য কার্যালয়সমূহ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়/সচিব মহোদয়/মহাপরিদর্শক মহোদয়ের উপস্থিতিতে নির্ধারিত মাসে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।
</td><td>
উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>
৪। মোঃ মেহেদী হাসান<br>
উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>
৫। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ
</td></tr>
</table>

চলমান পাতা-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৩। | OSH day | সকল জেলার উপমহাপরিদর্শকগণ স্ব স্ব কার্যালয়ের কার্যক্রম সভায় তুলে ধরেন। করোনা পরিস্থিতির কারণে র‍্যালী করা সম্ভব না হলেও অনলাইনে জুম মিটিং ও অন্যান্য কর্মসূচী পালন করা হয়েছে (জেলা ভিত্তিক বিস্তারিত তথ্য-সংযুক্তি-০১)<br><br>মহাপরিদর্শক সভায় জানান, OSH day পালন উপলক্ষ্যে প্রধান কার্যালয় ও ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয় করোনা পরিস্থিতিতেও ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে, যার জন্য তিনি অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১। গ্রীণ ফ্যাক্টরি এ্যাওয়ার্ড প্রদানের কার্যক্রম অব্যাহত থাকবে। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br><br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৪। | মে দিবস-২০২১ | সকল জেলার উপমহাপরিদর্শকগণ সভাকে জানান যে, সিদ্ধান্ত মোতাবেক শ্রম অধিদপ্তরের সাথে সমন্বয় করে অনলাইনে আলোচনা সভা আয়োজন করা হয়েছে।<br><br>উপমহাপরিদর্শ (খুলনা) বলেন যে, মে দিবস-২০২১ উপলক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ত্রাণ বিতরণ করা হয়েছে। | ১। মাঠ পর্যায়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর-এর কর্মকর্তাগণ সুসম্পর্ক বজায় রেখে সমন্বিতভাবে কাজ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৫। | LIMA সংক্রান্ত কার্যক্রম | উপমহাপরিদর্শক (ফরিদপুর) বলেন যে, LIMA অ্যাপ্লিকেশন ব্যবহারে বেশ কিছু কারিগরি সমস্যা রয়েছে, যা প্রধান কার্যালয়কে বিভিন্ন সময় লিখিতভাবে জানানো হয়েছে। কারিগরি সমস্যাগুলো সমাধান করা গেলে LIMA বাস্তবায়ন সহজতর হবে।<br><br>উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, LIMA কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া, যা সময়ের সাথে প্রয়োজন অনুসারে আরও ব্যবহার উপযোগী/upgrade করা আবশ্যক এবং সেলক্ষ্যে বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে আলোচনা চলমান রয়েছে। LIMA-কে ই-নথির সাথে কোনভাবে সংযুক্ত করা যায় কি না, সে বিষয়টিও ভবিষ্যত পরিকল্পনায় আছে বলে তিনি সভাকে জানান। যেসকল বিষয়ে প্রধান কার্যালয়ের আইসিটি সেলের সক্ষমতা রয়েছে, সে সকল বিষয়ে আইসিটি সেল নিয়মিত সহযোগীতা প্রদান করে যাচ্ছে।<br><br>উপমহাপরিদর্শক (সাধারণ) সভাকে জানান যে, ২৩ টি কার্যালয়ের LIMA বিষয়ক সকল সমস্যাগুলো সংগ্রহ করা হয়েছে এবং সমস্যাগুলো দ্রুত মহাপরিদর্শক মহোদয়কে পেশ করা হবে।<br><br>মহাপরিদর্শক বলেন, LIMA বাস্তবায়নে ইতোমধ্যে জার্মান সংস্থা জিআইজেড-এর সঙ্গে একাধিকবার বৈঠক করা হয়েছে। জিআইজেড-এর সহযোগীতায় কনসাল্টেন্ট নিয়োগ করা হবে, যার মাধ্যমে অ্যাপ্লিকেশনটি আপগ্রেড করা হবে, OSH | ১। LIMA সংক্রান্ত কারিগরি জটিলতা নিরসনে জিআইজেড-এর সহযোগীতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। ডিসেম্বর/২০২১-এর মধ্যে LIMA এর মাধ্যমে শতভাগ লাইসেন্স অনলাইনে প্রদান করতে হবে।<br><br>৩। পরিদর্শন কার্যক্রম শতভাগ LIMA এর মাধ্যমে করতে হবে।<br><br>৪। LIMA-র মাধ্যমে পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>ক্র: নং</th><th>উপমহাপরিদর্শকের কার্যালয়ের নাম</th><th>ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজনের মাস</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>গাজীপুর</td><td>মে/২০২১</td><td>-</td></tr>
<tr><td>২</td><td>ঢাকা</td><td>জুন/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৩</td><td>নারায়ণগঞ্জ</td><td>জুলাই/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৪</td><td>খুলনা</td><td>আগষ্ট/২০২১<br>সম্ভাব্য তারিখ: ১৫-০৮-২০২১</td><td>মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের সাথে আলোচনা ক্রমে তারিখ নির্ধারণ করতে হবে।</td></tr>
<tr><td>৫</td><td>মুন্সিগঞ্জ</td><td>সেপ্টেম্বর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৬</td><td>ময়মনসিংহ</td><td>অক্টোবর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৭</td><td>চট্টগ্রাম</td><td>নভেম্বর/২০২১</td><td>-</td></tr>
<tr><td>৮</td><td>সিরাজগঞ্জ</td><td>ডিসেম্বর/২০২১<br>সম্ভাব্য তারিখ: ১৪-১২-২০২১</td><td>-</td></tr>
</table>
উপমহাপরিদর্শক, সিরাজগঞ্জ সভাকে জানান যে, ১৪-১২-২০২১ তারিখে ফ্রি মেডিক্যাল ক্যাম্প স্থাপনের বিষয়ে সচিব মহোদয়ের সাথে আলোচনা হয়েছে এবং সচিব মহোদয় প্রাথমিকভাবে সম্মতি জ্ঞাপন করেছেন।<br>
করোনা টিকা প্রদানের ক্ষেত্রে শ্রমিক/কর্মচারীদেরকে জাতীয় পরিচয়পত্র করা এবং অনলাইন রেজিস্ট্রেশনে সহায়তার জন্য জেলা কার্যালয়গুলোতে চালুকৃত হেল্পডেক্স-এর চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য মহাপরিদর্শক সভায় নির্দেশনা প্রদান করেন।
</td><td>
নির্ধারণ করবেন।<br>
৪।উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাক্রমে তারিখ নির্ধারণ করে মহাপরিদর্শক মহোদয়কে অবগত করবেন।<br>
৫। উপমহাপরিদর্শকের কার্যালয় মুন্সিগঞ্জ, সেপ্টেম্বর মাসের কোন তারিখে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করবে তা নির্ধারণ করে মহাপরিদর্শকের সাথে আলোচনা করবেন।<br>
৩। শ্রমিকদের জন্য জাতীয় পরিচয়পত্র প্রদান ও টিকা অনলাইনে রেজিস্টেশনের ক্ষেত্রে হেল্প ডেস্কের কার্যক্রম অব্যাহত থাকবে। এ কার্যক্রমে কতজন শ্রমিককে সহায়তা করা হয়েছে তার একটি রেজিস্টার সংরক্ষণ করবেন এবং পরবর্তী সভা অনুষ্ঠানের অন্তত: ৩ দিন পূর্বে এ সংক্রান্ত তথ্য উপাত্ত প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।<br>
৪। সচিব মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে, ১৪-১২-২০২১ তারিখে সিরাজগঞ্জে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
৫। অন্যান্য কার্যালয়সমূহ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়/সচিব মহোদয়/মহাপরিদর্শক মহোদয়ের উপস্থিতিতে নির্ধারিত মাসে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।
</td><td>
উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>
৪। মোঃ মেহেদী হাসান<br>
উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>
৫। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ
</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৩। | OSH day | সকল জেলার উপমহাপরিদর্শকগণ স্ব স্ব কার্যালয়ের কার্যক্রম সভায় তুলে ধরেন। করোনা পরিস্থিতির কারণে র‍্যালী করা সম্ভব না হলেও অনলাইনে জুম মিটিং ও অন্যান্য কর্মসূচী পালন করা হয়েছে (জেলা ভিত্তিক বিস্তারিত তথ্য-সংযুক্তি-০১)<br><br>মহাপরিদর্শক সভায় জানান, OSH day পালন উপলক্ষ্যে প্রধান কার্যালয় ও ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয় করোনা পরিস্থিতিতেও ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে, যার জন্য তিনি অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১। গ্রীণ ফ্যাক্টরি এ্যাওয়ার্ড প্রদানের কার্যক্রম অব্যাহত থাকবে। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br><br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৪। | মে দিবস-২০২১ | সকল জেলার উপমহাপরিদর্শকগণ সভাকে জানান যে, সিদ্ধান্ত মোতাবেক শ্রম অধিদপ্তরের সাথে সমন্বয় করে অনলাইনে আলোচনা সভা আয়োজন করা হয়েছে।<br><br>উপমহাপরিদর্শ (খুলনা) বলেন যে, মে দিবস-২০২১ উপলক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ত্রাণ বিতরণ করা হয়েছে। | ১। মাঠ পর্যায়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর-এর কর্মকর্তাগণ সুসম্পর্ক বজায় রেখে সমন্বিতভাবে কাজ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৫। | LIMA সংক্রান্ত কার্যক্রম | উপমহাপরিদর্শক (ফরিদপুর) বলেন যে, LIMA অ্যাপ্লিকেশন ব্যবহারে বেশ কিছু কারিগরি সমস্যা রয়েছে, যা প্রধান কার্যালয়কে বিভিন্ন সময় লিখিতভাবে জানানো হয়েছে। কারিগরি সমস্যাগুলো সমাধান করা গেলে LIMA বাস্তবায়ন সহজতর হবে।<br><br>উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, LIMA কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া, যা সময়ের সাথে প্রয়োজন অনুসারে আরও ব্যবহার উপযোগী/upgrade করা আবশ্যক এবং সেলক্ষ্যে বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে আলোচনা চলমান রয়েছে। LIMA-কে ই-নথির সাথে কোনভাবে সংযুক্ত করা যায় কি না, সে বিষয়টিও ভবিষ্যত পরিকল্পনায় আছে বলে তিনি সভাকে জানান। যেসকল বিষয়ে প্রধান কার্যালয়ের আইসিটি সেলের সক্ষমতা রয়েছে, সে সকল বিষয়ে আইসিটি সেল নিয়মিত সহযোগীতা প্রদান করে যাচ্ছে।<br><br>উপমহাপরিদর্শক (সাধারণ) সভাকে জানান যে, ২৩ টি কার্যালয়ের LIMA বিষয়ক সকল সমস্যাগুলো সংগ্রহ করা হয়েছে এবং সমস্যাগুলো দ্রুত মহাপরিদর্শক মহোদয়কে পেশ করা হবে।<br><br>মহাপরিদর্শক বলেন, LIMA বাস্তবায়নে ইতোমধ্যে জার্মান সংস্থা জিআইজেড-এর সঙ্গে একাধিকবার বৈঠক করা হয়েছে। জিআইজেড-এর সহযোগীতায় কনসালটেন্ট নিয়োগ করা হবে, যার মাধ্যমে অ্যাপ্লিকেশনটি আপগ্রেড করা হবে, OSH | ১। LIMA সংক্রান্ত কারিগরি জটিলতা নিরসনে জিআইজেড-এর সহযোগীতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। ডিসেম্বর/২০২১-এর মধ্যে LIMA এর মাধ্যমে শতভাগ লাইসেন্স অনলাইনে প্রদান করতে হবে।<br><br>৩। পরিদর্শন কার্যক্রম শতভাগ LIMA এর মাধ্যমে করতে হবে।<br><br>৪। LIMA-র মাধ্যমে পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | করবেন এবং সে মোতাবেক পরবর্তি ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, শিশু শ্রমিকদের পুনর্বাসনের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শক অধিদপ্তর শিশুশ্রম পুনর্বাসন বিষয়ক একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রস্তাব তৈরী করবেন। | | |
| ৮। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে জানান যে, ২০২০-২১ অর্থবছরে মন্ত্রণালয়ের সাথে অঙ্গীকারাবদ্ধ, দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ সামগ্রিকভাবে অর্জন হয়েছে। তিনি আরও জানান যে, ইতোমধ্যে ২৩ টি জেলা কার্যালয়ের সাথে ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে এবং অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মন্ত্রণালয়ের চুক্তিও সম্পন্ন হয়েছে।<br><br>জেলা কার্যালয়সমূহের সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে কি না তা জানতে চাওয়া হলে উপমহাপরিদর্শক (যশোর) সভাকে জানান যে, যশোর কার্যালয়ের মামলা দায়েরের ক্ষেত্রে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয় নি।<br><br>মহাপরিদর্শক, যশোর কার্যালয়ের মামলা দায়েরের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, ২০২১-২২ অর্থবছরের সকল সূচকে অবশ্যই সকল জেলা কার্যালয়ের চুক্তি অনুযায়ী সকল সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে এবং পরবর্তী সকল সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। ২০২১-২২অর্থবছরের APA চুক্তি অনুযায়ী সকল সূচকে লক্ষ্যমাত্রা পূরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। পরবর্তী সমন্বয় সভার পূর্বে APA লক্ষ্যমাত্রা অর্জনের প্রতিবেদন প্রমাণকসহ দাখিল করতে হবে।<br>৩। APA সংক্রান্ত মাসিক রির্পোট প্রধান কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>৪। **২০২১-২২ অর্থবছরের APA লক্ষ্যমাত্রা আগামী ৩১ মে, ২০২২ এর মধ্যে ১০০% অর্জন করতে হবে। যদি কোন কার্যালয় ১০০% অর্জনে ব্যর্থ হোন তাহলে এটি ব্যর্থতা হিসেবে গণ্য হবে।**<br>৫। বাস্তবায়নের ক্ষেত্রে কোন অসুবিধা হলে তা সভাকে জানাতে হবে। | ১) ডা. সৈয়দ আবুল এহসান যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) মোঃ ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সকল)<br>৪। APA ফোকাল কর্মকর্তা |
| ৯। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | APA লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক ২০২০-২১ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা (৬০ ঘন্টা) অর্জিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরেও এপিএ চুক্তি অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে সকল উপমহাপরিদর্শকগণ সভাকে অবহিত করেন। এছাড়াও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে অনুমতি গ্রহণ এবং প্রধান কার্যালয় হতে রিসোর্স পার্সনকে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>অধিদপ্তরের SDG বিষয়ক ফোকাল পয়েন্ট **কর্মকর্তা সভাকে জানান যে, নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী জেলাভিত্তিক ১০ টি কর্মশালা আয়োজন করা হলেও কোভিড পরিস্থিতির অবনতির কারনে বাকি কার্যালয়গুলোতে অনলাইনের মাধ্যমে কর্মশালা** | ১। APA সহ শুদ্ধাচার এবং ইনোভেশন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করতে হবে। পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br>২। SDG **বিষয়ক যে সকল কর্মশালা অদ্যাবধি আয়োজন করা হয়নি সেগুলো দ্রুত অনলাইনে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি মহাপরিদর্শক মহোদয়কে অবগত করতে হবে।** | ১। ডা. সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। মোঃ ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন<br>৩।উপমহাপরিদর্শক (সকল)<br>৪। প্রশিক্ষণ সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৫। SDG বিষয়ক |

চলমান পাতা-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| | | আয়োজন করা হবে। | | |
| ১০। | বাজেট বরাদ্দ | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে PPA-২০০৬ এবং PPR-২০০৮ অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, সকল জেলা কার্যালয় সকল বিধি বিধান অনুসরণ করে ২০২১-২২ অর্থবছরের অ্যানুয়েল প্রকিউরমেন্ট প্ল্যান (এপিপি) প্রণনয়নপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত প্রাপ্ত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br>২। সকল জেলা কার্যালয়, ২০২১-২২ অর্থবছরের অ্যানুয়েল প্রকিউরমেন্ট প্ল্যান (এপিপি) প্রণনয়নপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।<br>**৩। কঠোর লকডাউন শিথিল হলে প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে স্বরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত প্রতিবেদন মনিটরিং টিম উপস্থাপন করবেন।** | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান<br>যুগ্মমহাপরিদর্শক<br>(প্রশাসন ও উন্নয়ন)<br>২। মোঃ ইউসুফ আলী<br>উপমহাপরিদর্শক<br>(প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল) |
| ১১। | অনলাইন লাইসেন্সিং | উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, অনলাইন লাইসেন্স করার ক্ষেত্রে যে সকল প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় তা দূর করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সেবাগ্রহীতা জাতীয় পরিচয়পত্রের নম্বর দিলেই যেন সকল তথ্য চলে আসে এবং ফোন নাম্বারের মাধ্যমে ইউজার আইডি খোলার ব্যবস্থা গ্রহণ করা যায়। তিনি আরো বলেন, ইউজার চাইলে তিনি সেবা গ্রহণের কোন পর্যায়ে আছেন তাও ট্র্যাকিং করে দেখতে পান সে ব্যবস্থা করতে হবে। কারখানা লাইসেন্স ও লে-আউট প্লান চাহিদামাফিক (customized) ভাবে উপস্থাপন করা যায় এবং সেবাগ্রহীতা যেন তার লাইসেন্স হওয়ার সাথে সাথে সুন্দর একটি স্বয়ংক্রিয় পদ্ধতিতে তৈরি লাইসেন্স অনলাইনেই পেয়ে যায় সে ব্যবস্থা করতে হবে।<br>আইসিটি সেলে কর্মরত শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব সাব্বির আনোয়ার, ২০২০-২১ অর্থবছরের জেলাভিত্তিক অনলাইনে প্রদানকৃত ও নবায়নকৃত লাইসেন্সের তথ্য সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-০৩)<br>মহাপরিদর্শক বলেন, অনলাইন লাইসেনন্সিং এর অসুবিধাসমূহ দূরীকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ইতোমধ্যে ILO এবং GIZ-এর সাথে আলোচনা হয়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং এর ফলে অনলাইন লাইসেন্স করা পরিদর্শকদের জন্য সহজতর হবে বলে সভায় মতামত ব্যক্ত করেন। | ১। অনলাইন লাইসেন্স করার ক্ষেত্রে মোবাইল নাম্বারের মাধ্যমে ইউজার আইডি তৈরির ব্যবস্থা ও জাতীয় পরিচয়পত্রের নাম্বার দিয়ে প্রয়োজনীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণের ব্যবস্থা করতে হবে।<br>২। সেবাগ্রহীতা লাইসেন্স ট্র্যাকিং করতে পারবে এবং Autogenerated একটি সুন্দর format এ লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করতে হবে।<br>৩। কোন কারখানা/প্রতিষ্ঠানে লাইসেন্স প্রদাকারী কর্মকর্তা অর্থাৎ পরিদর্শক পরবর্তী ঝুঁকি উদ্ভুত হলে দায়ী হবেন, এ ধরণের জটিলতা পরিহার কিভাবে করা যায় তার সুপারিশ পরবর্তী সভায় পেশ করতে হবে।<br>কারণ আমাদের আইন অনুযায়ী একটি কারখানা নিরাপদ মর্মে আমরা লাইসেন্স প্রদান করি। সুতরাং অনলাইন লাইসেন্স বৃদ্ধি করতে হলে এ জটিলতা নিরসন হতে হবে। | ১। মোঃ সামছুল আলম খান<br>যুগ্মমহাপরিদর্শক<br>(সাধারণ)<br>২। মোঃ কামরুল হাসান<br>উপমহাপরিদর্শক<br>(সেফটি)<br>৩।উপমহাপরিদর্শক (সকল)<br>৪। আইসিটি সেল-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | **৪। ডিসেম্বর/২০২১ এর মধ্যে শতভাগ লাইনসেন্স অনলাইনের মাধ্যমে প্রদান নিশ্চিত করতে হবে। অফলাইনে কোন লাইসেন্স প্রদান করা হবে না।** | |
| ১২। | RMG কারখানার সংস্কার | যুগ্ম-মহাপরিদর্শক (সেফটি) সভাকে জানান যে, ঝুকিপূর্ণ কারখানাগুলো বন্ধ করার জন্য রিভিউ প্যানেলের সিদ্ধান্ত প্রয়োজন এবং সেক্ষেত্রে রিভিউ প্যানেল পুনঃগঠনের প্রয়োজন রয়েছে। রিভিউ প্যানেল পুনঃগঠনের ব্যাপারে নির্দেশনার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এছারাও, আইনগতভাবে ০২ টি কারখানা বন্ধের জন্য সংশ্লিষ্ট উপমহাপরিদর্শককে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>RMG কারখানার সংস্কার বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানা যে, করোনা পরিস্থিতিতে সীমিত পরিসরে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। তিনি নিম্নোক্ত অগ্রগতি সভায় তুলে ধরেনঃ<br><br>ক) গত ০৩ (তিন) বছরে ১৭৭৯ টি কারখানা মোট ৭,৭০০ বার পরিদর্শন করা হয়েছে;<br><br>খ) ন্যাশনাল ইনিশিয়েটিভের আওতায় ১৫৪৯ টি কারখানা ভিতরে চলমান ৭৯৬ টি কারখানার স্ট্রাকচারাল ক্যাপ বাস্তবায়ন অগ্রগতি ৫৯%, ইলেক্ট্রিক্যাল ক্যাপ বাস্তবায়ন অগ্রগতি ৪৪%, ফায়ার ক্যাপ বাস্তবায়ন অগ্রগতি ৪৩% এবং সামগ্রিক অগ্রগতি ৪৮%;<br><br>গ) ইপিজেড-এর আওতায় ১২ টি কারখানা মধ্যে মোট ১০ টি কারখানা পরিদর্শন করা হয়েছে।<br><br>ঘ) তিন ক্যাটাগরিতে (স্ট্রাকচারাল, ফায়ার, ইলেক্ট্রিক্যাল) মোট ১০৫৫ টি ড্রয়িং ডিসাইন টাস্কফোর্সের মাধ্যমে রিভিউ করে ২৬৫ টি অনুমোদন করা হয়েছে এবং ৭৯০ টি সংশোধনের জন্য ফেরত দেওয়া হয়েছে। | ১। অ্যাসেসমেন্টকৃত সকল কারখানার সংস্কার কার্যক্রম বিধিমতে ১০০% বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত লাইসেন্স নবায়ন বন্ধ রাখতে হবে।<br><br>২। টাস্কফোর্স প্রদত্ত সময়সীমা অনুযায়ী কারখানাগুলো যাতে সংস্কার কার্যক্রম সম্পন্ন করে সেজন্য পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করে সরেজমিন পরিদর্শনসহ তাগিদপত্র প্রদান করতে হবে।<br><br>৩। সংস্কার কাজ চলমান, এরুপ কারখানায় সর্বশেষ অবস্থা রিপোর্ট আকারে প্রেরণ করবেন।<br><br>৪। শ্রম আইন ও শ্রম বিধিমালা অনুযায়ী আইনানুগ কার্যক্রম অব্যাহত থাকবে।<br><br>৫। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সংস্কার কার্যক্রম বিধিমতে ১০০% বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত কারখানার লাইসেন্স নবায়ন বন্ধ রাখতে হবে। | ১। আবুল খায়ের মোহাম্মদ সালেহউদ্দিন, ক্যাপ বাস্তবায়ন প্রকল্প<br><br>২। প্রকৌশলী ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩।মোঃ কামরুল হাসান, উপমহাপরির্শক (সেফটি)<br><br>৪। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |
| ১৩ | রেড কারখানা | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) বলেন, রেড কারখানা গুলো বন্ধ করা হলেও ভবনগুলো বিদ্যমান রয়েছে। ভবনগুলোতে যেনো নতুনভাবে কোন কার্যক্রম শুরু না হয় সে বিষয়ে মনিটরিংঅব্যাহত রাখতে হবে।<br><br>উপমহাপরিদর্শক (যশোর) বলেন, মাগুরা জেলার ঝুঁকিপূর্ণ কারখানায় মামলা করা হয়েছে। তিনি আরো বলেন, কোন ঝুঁকি উদ্ভুত হয়ে দুর্ঘটনা হলে পরিদর্শকগণ কি জবাব দিবেন, সেজন্য তিনি মামলা করেছেন। এছাড়া তিনি ৬১(২) ধারায় কারখানা দুইটি বন্ধের নোটিশ দিয়েছেন, যার কপি জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যাবধি | ১। রেড কারখানা গুলো বন্ধ করা হলেও ভবনগুলোতে যেনো নতুনভাবে কোন কার্যক্রম শুরু না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক এবং RCC-র প্রকৌশলীগণ যৌথভাবে মনিটরিং অব্যাহত রাখবেন।<br><br>২। মাগুরা জেলার ঝুঁকিপূর্ণ কারখানা বন্ধে দ্রুত পুনরায় ৬১(২) ধারায় নোটিশ করতে হবে এবং নোটিশের কপি মহাপরিদর্শক, | ১। আবুল খায়ের মোহাম্মদ সালেহউদ্দিন, প্রকল্পপরিচালক RCC.<br><br>২। প্রকৌশলী ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি) |

চলমান পাতা-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | বন্ধ করা সম্ভব হয় নি।<br>মহাপরিদর্শক বলেন যে, অধিদপ্তরের বিদ্যমান জনবল দ্বারা রেড চিহ্নিত কারখানা/বিল্ডিং-গুলোতে ফলোআপ বৃদ্ধি করতে হবে। রেড কারখানায় নতুন কোন কারখানা হলে তাদের বিরুদ্ধেও বিধিমতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে প্রেরণ করতে হবে। | ৩। মোঃ কামরুল হাসান,<br>উপমহাপরির্শক (সেফটি)<br>৪। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৪ | ইনোভেশন | মহাপরিদর্শক বলেন, প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয় পরবর্তি সমন্বয় সভার পূর্বে ০১ (এক) টি করে ইনোভেশন আইডিয়া প্রধান কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করেন। | ১। আগামী সভার পূর্বে ০১ (এক) টি করে ইনোভেশন আইডিয়া প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয় প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br>২।প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১৫ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ১। সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৬ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | অন্যদিকে উপমহাপরিদর্শক (রাজশাহী), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নিজস্ব প্রধান কার্যালয় আগাঁরগাও স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করার বিষয়টি বিবেচনার অনুরোধ করেন।<br>মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের জন্য আগারগায়ে ১০ (দশ) কাঠা জমি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | ১। সকল নতুন ভবন অধিদপ্তরের নিজ নামে অধিগ্রহণপূর্বক করতে হবে।<br>২। আগারগাঁও, ঢাকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় স্থাপন এর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | "<br>২। ডাঃ সৈয়দ আবুল এহসান,<br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৭ | অধিদপ্তরের নাম পরিবর্তন | আইএলও কনভেনশন-৮১ মোতাবেক, সভায় উপস্থিত সকল সদস্য অধিদপ্তরের নাম পরিবর্তন করে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** করা যায় মর্মে একমত পোষণ করেন। | ০১। অধিদপ্তরের পরিবর্তিত নাম হিসাবে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** নামটি বিবেচনার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান,<br>যুগ্মমহাপরিদর্শক<br>(প্রশাসন ও উন্নয়ন) |
| ১৮ | SDG | SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ২৩ টি জেলার মধ্যে ১০ টি জেলায় উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়েছে। কোভিড পরিস্থিতির কারণে বাকিগুলো করা সম্ভব হয় নি বিধায় অনলাইনে কার্যক্রমটি সম্পন্ন করা যেতে পারে। | ০২। SDG বিষয়ে যেসকল কার্যালয়ে উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়নি তা দ্রুত অনলাইন প্লাটফরমে সম্পন্ন করতে হবে এবং পরবর্তি সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১) ডা. সৈয়দ আবুল এহসান<br>যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২) মোঃ ইউসুফ আলী<br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩) উপমহাপরিদর্শক (সকল)<br>৪) SDG |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | বাস্তবায়নে নিয়োজিত কর্মকর্তা |
| ১৯ | দুর্ঘটনা | কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক মারা গেলে আইন ও বিধি মতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিকের দোষ-ত্রুটি/অবহেলা উল্লেখ করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে সকল কারখানাইয় সেইফটি কমিটি গঠন করার জন্য সকল উপমহাপরিদর্শককে বলা হয়।<br><br>নিহত ও আহত সকল তদন্ত রির্পোটের সাথে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক মতামত উল্লেখ করবেন। সকল দুর্ঘটনা মহাপরিদর্শক এবং প্রয়োজনে সচিব/মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে দ্রুত সম্ভব অবহিত করার জন্য সকল উপমহাপরিদর্শককে বলা হয়। | ১।কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক নিহত হলে আইন ও বিধিমতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২।তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিক ও অধিদপ্তরের কর্মকর্তাদের যদি দোষ-ক্রুটি/অবহেলা থাকে তা উল্লেখ করতে হবে।<br>৩। শ্রম আইন অনুযায়ী প্রত্যেকটি কারখানা/প্রতিষ্ঠানে সেফটি কমিটি গঠন করতে হবে।<br>৪। দূর্ঘটনা প্রতিবেদন, দুর্ঘটনা হওয়ার সঙ্গে সঙ্গে প্রধান কার্যালয়কে অবগত করতে হবে। | ১। ফরিদ আহম্মেদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরির্শক (সেফটি)<br>৩। উপমহাপরিদর্শক (সকল) |
| ২০ | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | সভায় জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে খরচ করতে অনুরোধ করা হয়। উপমহাপরিদর্শকগণ স্ব-স্ব কার্যালয়ের বরাদ্দকৃত মোটরসাইকেল/স্কুটি সচল রাখবেন এবং যানবাহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবেন। এছাড়াও কোন মটর সাইকেল/স্কুটি অব্যহৃত রাখা যাবে না মর্মে মতামত ব্যক্ত করা হয়। | ১। সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। মোঃ ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ২১ | শ্রম অসন্তোষ | সকল উপমহাপরিদর্শক তার নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গহণ করবেন।শ্রম অসন্তোষ দেখা দিলে সাথে সাথে মালিক/শ্রমিকসহ পুরো টিম বসে তা নিরসন করতে হবে। | ১। সকল উপমহাপরিদর্শক তার নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গহন করবেন। এবং প্রতিমাসে রির্পোট প্রদান করবেন।<br>২। শ্রম অসন্তোষ হওয়ার সঙ্গে সঙ্গে বিষয়টি মহাপরিদর্শক/প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | ১। মোঃ সামছুল আলম খান যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। সাবিহা মুক্তা উপমহাপরিদর্শক (সাধারণ),<br>৩।উপমহাপরিদর্শক (সকল) |
| ২২ | বিশেষ পরিদর্শন | উপমহাপরিদর্শকের কার্যালয়ের প্রতিটি টিম নির্দেশনা মোতাবেক বিশেষ পরিদর্শন সম্পন্ন করবে এবং প্রধান কার্যালয়ে রির্পোট প্রেরণ করে সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে। | উপমহাপরিদর্শকের কার্যালয়ের প্রতিটি টিম বিশেষ পরিদর্শনের পরিবর্তে নিয়মিত পরিদর্শন কার্যক্রম শুরু করবেন এবং প্রধান | ১। মোঃ সামছুল আলম খান যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) |

চলমান পাতা-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | কার্যালয়ে প্রতিদিন রির্পোট প্রেরণ করতে হবে। | ২। মোঃ মেহেদী হাসান<br>উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৩ | ডিজিটাল হাজিরা ডিভাইস | আগামী ১ এপ্রিল, ২০২১ মাসের মধ্যে যে সকল জেলা কার্যালয়ে ডিজিটাল হাজিরা ডিভাইস স্থাপন করা হয়নি সে সকল কার্যালয়ে হাজিরা ডিভাইস স্থাপন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকলকে অনুরোধ করেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে আগামী আগস্ট, ২০২১ মাসে ডিজিটাল হাজিরা ডিভাইস স্থাপন করে কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান<br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। মোঃ ইউসুফ আলী<br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৪ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) জানান যে, অত্র অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির হার ১০০% (সংযুক্তি-০৪) । প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩ টি জেলা কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | ১। অভিযোগ নিষ্পত্তির হার ১০০% নিশ্চিত করতে হবে।<br>২। অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br>৩। পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য উপস্থাপন করতে হবে। | ১। মোঃ সামশুল আলম খান<br>যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২।উপমহাপরিদর্শক (সকল) |
| ২৫ | শুদ্ধাচার | মহাপরিদর্শক বলেন যে, "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭" অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের জন্য ০৩ (তিন) টি ক্যাটাগরিতে যুগ্ম-মহাপরিদর্শক (সাধারণ), জনাব সামশুল আলম খান, উপমহাপরিদর্শক (গাজীপুর), জনাব আহমেদ বেলাল এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনাব মোখসেদ আলী-কে চূড়ান্তভাবে মনোনীত করা হয়েছে এবং মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে সভার সমাপ্তিতে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করা হবে। তিনি আরও বলেন, ২০২১-২২ অর্থবছরে জেলা কার্যালয় হতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে জেলাভিত্তিক বাজেট বরাদ্দ করতে হবে এবং সে মোতাবেক সকল জেলা "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭" অনুসরণ পূর্বক জেলা কার্যালয়ের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জেলার অগ্রগতি মনিটরিং করবেন।<br>২। "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭" অনুযায়ী জেলা কার্যালয় হতে স্ব স্ব কার্যালয়ের অধীনস্ত কর্মকর্তা/কর্মচারিগণকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। এ লক্ষ্যে প্রতিটি কার্যালয়ে বাজেট বরাদ্দের ব্যবস্থা করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান<br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। মোঃ মেহেদী হাসান<br>উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল) |
| ২৬ | কোভিড-১৯ | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও বিশেষ পরিদর্শন | ১। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ | উপমহাপরিদর্শক (সকল) |

চলমান পাতা-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | অব্যাহত রাখতে হবে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | |
| ২৭ | ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প | **"সভায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন"** শীর্ষক প্রকল্পের বিষয়ে আলোচনা করা হয়।<br>মহাপরিদর্শক বলেন যে, পরবর্তি সভায় প্রকল্প পরিচালক উপস্থিত থেকে প্রকল্পের সার্বিক অগ্রগতি উপস্থাপন করবেন। | পরবর্তী সভায় প্রকল্প পরিচালক উপস্থিত থাকবেন এবং প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করবেন। | প্রক্কল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প |
| ২৮ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট (NOSHTRI)" স্থাপন প্রকল্পের বিষয়ে সভায় আলোচনা হয়। প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপঃ<br>ক) ৬তলা বিশিষ্ট পুরুষ হোস্টেল ভবন নির্মাণ<br>খ) ৬তলা বিশিষ্ট মহিলা হোস্টেল ভবন নির্মাণ<br>গ) ৬তলা বিশিষ্ট ব্যাচলর কোয়ার্টার ভবন নির্মাণ<br>ঘ) ৬তলা বিশিষ্ট ফ্যাকাল্টি ভবন নির্মাণ<br>ঙ) ৬তলা বিশিষ্ট টিচার্স ভবন নির্মাণ<br>চ) ৬তলা বিশিষ্ট ৩য়-৪র্থ শ্রেনির কর্মচারী ভবন নির্মাণ<br>ছ) ৩তলা বিশিষ্ট ইনস্পেকশন ভবন নির্মাণ<br>জ) ২তলা বিশিষ্ট ডাইরেক্টর ভবন নির্মান | পরবর্তী সভায় প্রকল্প পরিচালক উপস্থিত থাকবেন এবং প্রকল্পের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করবেন। | প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প |
| ২৯ | "নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুকি নিরূপন" প্রকল্প | প্রকল্প পরিচালক (যুগ্ম-মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন) জানান যে, প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে এবং সর্বশেষ অগ্রগতি ৩৮%।<br>মহাপরিদর্শক বলেন, প্রকল্পটির বিস্তারিত অগ্রগতি আবশ্যিকভাবে পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্পটির বিস্তারিত অগ্রগতি আবশ্যিকভাবে পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান, **প্রকল্প পরিচালক** ও যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩০ | বিবিধ | মহাপরিদর্শক বলেন যে, **২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন** প্রকাশের লক্ষ্যে কার্যক্রম শুরু করা হয়েছে। বিগত অর্থবছরের সম্পাদিত কার্যাবলীর তথ্য প্রেরণের জন্য সকল জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করা হবে। সে মোতাবেক উল্লেখযোগ্য সকল কার্যাবলীর তথ্য দ্রুততম সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | **২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন** প্রকাশের লক্ষ্যে বিগত অর্থবছরের সম্পাদিত কার্যাবলীর তথ্য দ্রত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। ডাঃ সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

২। কোভিড মহামারিকালীন, সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
chiefdife@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩-৬। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৭-১০। যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১১-১৪। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সেফটি/সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৫-৩৭। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩৮। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩৯। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪০। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪১। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪২। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪৩। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪৪। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৪৫। অফিস কপি।

(মোঃ ইউসুফ আলী)
উপমহাপরিদর্শক
(প্রশাসন ও উন্নয়ন)